দৈনিক ইত্তেফাক
দৈনিক ইত্তেফাক
তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...
AUG 20 ...

ছাত্রীত্ব

ফাহমিদা মাহমুদ

ছাত্রীর সমস্যা



ঢাকার গাবতলী থেকে নাম প্রকাশে অনিচ্ছুক এক বোন লিখেছেন : আমি ইডেন কলেজের অনার্স প্রথম বর্ষের ছাত্রী। বয়স ১৯ বছর, বাবা ছোটখাটো ব্যবসায়ী। বছর তিনেক ধরে আমি একটি ছেলেকে ভালবাসি। আমার সাথে যখন প্রথম সম্পর্ক হয় তখন সে বেকার ছিল। আমাকে পড়াতো সেই সূত্রে পরিচয়। তার বড় ভাই প্রিন্সিপাল। এক বছর প্রেম করার পর তার চাপাচাপিতে আমাদের মধ্যে দৈহিক সম্পর্ক হয়। এখন সে নিজে একটা স্কুল খুলেছে এবং বর্তমানে মোটামুটি প্রতিষ্ঠিত। আগে আমাদের ঘন ঘন দেখা হত। এখন সে স্কুলের ব্যস্ততার অজুহাত দেখিয়ে দেখা করে না। যখন দেখা হয় তখন দুটো বিষয় সে আলাপ করতে খুব পছন্দ করে। তাহলো কখনো কোন মেয়েকে তার ভাল লেগেছে এবং ঘনিষ্টতা হয়েছে, দ্বিতীয়তঃ তার বন্ধুরা বিয়েতে শ্বশুরবাড়ী থেকে কি কি যৌতুক পেয়েছে। আমি এসবের প্রতিবাদ করলে বলে যে, আমার বাবা-মায়ের কাছে কিছু চায় না। শুধু ভাল গার্ডিয়ান চায়। উচ্চ শিক্ষিত, পরিশ্রমী ও ভাল মেয়ে নাকি তার পছন্দ। আমি সে ভাবেই নিজেকে গড়ে তুলেছি; এখন কিনা সে-ই বদলে গেল। তার অভিভাবকরা তার কাছে জানতে চেয়েছে আমাকে বিয়ে করবে কিনা; সে অস্বীকার করেছে। আমার বাবা, ভাই তাকে খুব একটা পছন্দ করে না, তবে আমার মায়ের অমত নেই। সে আমাকে বিয়ে করতে অপারগতা জানিয়ে ক্ষমা চেয়ে অন্যত্র বিয়ে করার অনুমতি চেয়েছে। আমি ক্ষমাও করিনি অনুমতিও দেইনি। কিন্তু আমি তাকে আর বিশ্বাস করতে পারছি না। এখন আমি কি করবো? বলে দিন। ওর সাথে সম্পর্ক রাখবো কিনা, রাখলে কিভাবে রাখবো। আল্লাহ ও আপনি ছাড়া আমার এ ঘটনা আর কেউ জানে না। তাই আমার পরিচয় গোপন রাখবেন। যদি তার সাথে বিচ্ছেদ করি তাহলে এমনভাবে করতে চাই যাতে সে আজীবন মনে রাখে। সেটা কিভাবে করতে পারি?

পরামর্শ : বোন আপনিতো প্রথমেই ভুল করেছেন, এত অল্পতে তার কাছে নিজের সব সমর্পণ করে। কারণ আপনাদের ঘটনা শুনে মনে হচ্ছে সে আপনাকে মোটেও ভালবাসেনি। সময় কাটানোর জন্য আপনার এবং আপনার অনুভূতি নিয়ে খেলা করেছে মাত্র। তাই বলে আপনার জীবন তো শেষ হয়ে যায়নি। আপনি নিজে লেখাপড়া শেষ করে নিজের পায়ে দাঁড়ান সমাজে প্রতিষ্ঠিত হয়ে তার চেয়েও ভাল ছেলেকে বিয়ে করে দেখিয়ে দিন। সেটাই হবে তার উপযুক্ত শাস্তি। ছেলেটা যেভাবে আপনাকে প্রতারিত করেছে মনে হয় সে আরো অনেকের সাথে এমনটিই করেছে। যদি এই তার স্বভাব-চরিত্র হয়ে থাকে তাহলে সে জীবনে কোনদিন সুখী হবে না। আপনার অশ্রু ও দীর্ঘ নিঃশ্বাস তার জীবনে অভিশাপ হয়ে দাঁড়াবে। তার শাস্তি তাকে আল্লাহপাকই দেবেন। তাকে আর বিশ্বাস করা কোনভাবেই ঠিক হবে না। সুতরাং এই সম্পর্ককে একটি দুর্ঘটনা মনে করে ধীরে ধীরে ভুলে যান। জেদ করে নিজের জীবনটাকে আরো সুন্দর আরো প্রতিষ্ঠিত করে তাকে দেখিয়ে দেবেন। তাতে আপনার মনে প্রশান্তি আসবে।

❑ প্রফেসর শাহেদা ওবায়েদ

মানবদেহে ভিটামিনের প্রয়োজনীয়তা

মানবদেহে ভিটামিন অপরিহার্য, ইংরেজী ভিটামিন বা ভাইটামিন শব্দটি এসেছে ল্যাটিন শব্দ ভিটা আর জার্মান শব্দ আমিন থেকে, পোল্যান্ডের প্রাণ রসায়নবিদ কাজিমির ধ্রুক ভিটামিন আবিষ্কার করেন থায়ামিন নামক উপাদান থেকে। ভিটামিন দ্বারা মানুষের দৈনিক বৃদ্ধি, শারীরিক ক্ষমতা, দৃষ্টিশক্তি, ত্বক নিয়ন্ত্রিত। ভিটামিন হরেক রকম। একেক ভিটামিনের একেক কাজ। শরীরের বিকাশে প্রয়োজন ভিটামিন এ, রাতকানাসহ চোখের ... দিতে পারে। দুধ, যকৃত, ছানার পানি প্রভৃতিতে ভিটামিন B2 রয়েছে। রক্তস্বল্পতা বা অ্যানিমিয়া দেখা দেয় ভিটামিন B12-এর অভাবে। দুধ, ছানা, মাছ, গোশত, ডিমে এই ভিটামিন রয়েছে। ভিটামিন সি হলো, আসকরিক এসিড, টকজাতীয় ফল; যেমন- লেবু, আমড়া, পেয়ারা, জলপাই ইত্যাদি ছাড়াও পালংশাকে এই ভিটামিন রয়েছে। ভিটামিন D-এর অভাবে রিকেটস রোগ হয়। দুধ, গোশত, সূর্য কিরণে এই ভিটামিন রয়েছে। বিভিন্ন রকম ...

হতে দরপত্র ...
বিক্রয় করা ...
কর্পোরেশন ...
ডিএফপি-২০২...
জি-৪৪৭৬/০২
স্টীল
চিটাং...
ব্যবস্থাপনা ...
ট্যাংকে রক্ষি...
রক্ষিত ৮৮৪...
ক্রেতা/ব্যবস...
২৮-০৮-২০...
শর্তাবলীসহ...
(প্রতিটির জ...
অত্র চিনিকল...
প্রধান হিসা...
সংগ্রহ করা ...
এগারো, ঢাক...
যাবে না।
এস-এফ-৮২...
ডিএফপি-২০...
জি-৪৪৯২/০...
No. DP/T...
Subject ...
Commi...
Servic...
Bangla...
INTEF...
Sealed (by ...
Manufactur...
of Mobile-...